

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৬২

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

بَابُ الشَّفَقَةِ وَالرَّحْمَةِ عَلَى الْخَلْق

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «وَاللَّهِ لَا يُؤْمِنُ وَاللَّهِ لَا يُؤْمِنُ وَاللَّهِ لَا يُؤْمِنُ ﴾ . قِيلَ: مَنْ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: «الَّذِي لَا يَأْمَنُ جَارُهُ بَوَائِقَهُ» . مُتَّفَقٌ عَلَيْهِ

বাংলা

৪৯৬২-[১৬] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর কসম! সে ঈমানদার হবে না, আল্লাহর কসম! সে ঈমানদার হবে না, আল্লাহর কসম! সে ঈমানদার হবে না। জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! কে সে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ যার প্রতিবেশী তার অনিষ্টতা থেকে নিরাপদ নয়। (বখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৬৭০, মুসলিম ৭৩-(৪৬), সহীহুল জামি' ৭১০২, সহীহ আত্ তারগীব ২৫৫০, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩০০০, আহমাদ ৭৮৭৮, শু'আবুল ঈমান ৯৫৩৪, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭৯৩৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ বর্ণিত হাদীসটিতে প্রতিবেশীর হাকের ব্যাপারে চরম গুরুত্বারোপ করা হয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন (وَاللهِ لَا يُؤْمِنُ وَاللهِ لَا يَعْرَفِهُ وَاللهِ لَا يَعْرَفُونُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللهُ وَاللّهُ وَلِلْهُ وَاللّهُ وَاللّهُ



তাই যারা প্রতিবেশীর প্রতি সদাচারণে ব্যর্থ তারা প্রকৃত ঈমানদার হতে পারবে না। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন